গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শৃঙ্খলা শাখা

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২০.১৮- ৩৬ তারিখঃ ১৬/০৪/২০১৯ খ্রি

প্রজ্ঞাপন

যেহেতু, বেগম সাবিনা পারভীন, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা, নিজ বেতনে), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সিগঞ্জ গত ০৩/০৫/২০১৮খ্রি: তারিখ হতে ০৩/১০/২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে অনুপস্থিতির কারণে তার বিরুদ্ধে "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮"-এর বিধি ৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে **'অসদাচরণ (Misconduct)'** ও **'পলায়ন/বিনা অনুমতিতে চাকরি ত্যাগ করা (Desertion)'** এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়।

২। যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ১২/০২/২০১৯খ্রি: তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে বেগম সাবিনা পারভীন জানান যে, তিনি গত ২৫/০১/১৯৯৯খ্রি: তারিখে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসাবে টুংগীপাড়া উপজেলায় প্রথম যোগদান করেন এবং ২০০১ সালের এপ্রিল মাসে পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসাবে পরিবার পরিকল্পনা অধিদপ্তরে যোগদান করেন। তিনি ২০১4 সালের ডিসেম্বর হতে ২০১৮ সালের এপ্রিল পর্যন্ত সহকারী পরিচালকের নিজ বেতনে পরিবার পরিকল্পনা অধিদপ্তরে উপপরিচালক, বৈদেশিক সংগ্রহ হিসেবে দায়িত্ব পালন করেন। তাকে গত ২৪/০৪/২০১৮খ্রি: তারিখে মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত আদেশে নিজ বেতনে সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা) হিসাবে মুন্সিগঞ্জ জেলায় বদলি করা হয়। তিনি ৩১/১০/২০১৮খ্রি: তারিখে মুন্সিগঞ্জ জেলায় যোগদান করেন। তিনি শারীরিকভাবে দীর্ঘ সময় অসুস্থ ছিলেন ও মানসিকভাবে বিপর্যস্ত ছিলেন বিধায় যথাসময়ে মুন্সিগঞ্জে যোগদান করতে পারেননি মর্মে শুনানিকালে জানান।তিনি তার অসুস্থতার স্বপক্ষে ডাক্তারের প্রত্যয়নপত্র/ কাগজপত্র দাখিল করেন। তিনি তার অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেন।

৩। সার্বিক বিবেচনায় বেগম সাবিনা পারভীন এর অননুমোদিত অনুপস্থিত কালকে অর্ধগড় বেতনে অর্জিত ছুটি হিসেবে মঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। সেহেতু, বেগম সাবিনা পারভীন, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা, নিজ বেতনে), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সিগঞ্জ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র, মামলা সংক্রান্ত রেকর্ডপত্র ও তার শারিরীক অসুস্থতা ও মানসিক বিপর্যস্ততার বিষয়টি বিবেচনায় নিয়ে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানপূর্বক মামলাটি নিষ্পত্তি করা হলো। তার অননুমোদিত অনুপস্থিতকালকে অর্থাৎ গত ০৩/০৫/২০১৮খ্রি: তারিখ হতে ৩০/১০/২০১৮খ্রি: তারিখ পর্যন্ত সময়কালকে প্রাপ্যতা অনুযায়ী অর্ধ-গড় বেতনে অর্জিত ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

১৬/৪/২০১৯
(জি. এম. সালেহ উদ্দিন)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাও,ঢাকা।
(পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের এক কপি অত্র শাখায় প্রেরনের অনুরোধসহ)

C:\Users\Sabbir\Desktop\Office\Discipline\MSD (Minor Penalty).docx

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০১২.১৮-৬৬ তারিখঃ ১৬/০৪/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫

২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ (তথ্যটি সংশ্লিষ্ট রেজিষ্টারে/কম্পিউটারে সংরক্ষনের অনুরোধসহ)।

৩। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সিগঞ্জ।

৪। বেগম সাবিনা পারভীন, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), নিজ বেতনে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সিগঞ্জ।

৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মুন্সিগঞ্জ।

৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পঃ কঃ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

১৬/০৪/১৯

(মোহাম্মদ আলী)
সহকারী সচিব
ফোন-৯৫৪৫৬৬৭

C:\Users\Sabbir\Desktop\Office\Discipline\MSD (Minor Penalty).docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃঙ্খলা শাখা

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০১২.১৮-৬৪ তারিখঃ ২৩/০৪/২০১৯ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ হোসনে আরা হোসেন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), মোড়েলগঞ্জ, বাগেরহাট (বাগেরহাট জেলার সদর উপজেলায় কর্মকালীন সময়ে) গত ০১/০৩/২০১৭খ্রি: তারিখ থেকে ০৬/০৭/২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত এবং ১০/০৭/২০১৭খ্রি: তারিখ থেকে ১৪/১০/২০১৭খ্রি: তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে অনুপস্থিতির কারণে তার বিরুদ্ধে "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮"-এর বিধি ৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে **'অসদাচরণ (Misconduct)'** ও **'পলায়ন/বিনা অনুমতিতে চাকরি ত্যাগ করা (Desertion)'** এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

০২। যেহেতু,তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ৩০/১০/২০১৮খ্রি: তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে ডাঃ হোসনে আরা হোসেন জানান যে, তিনি শারীরিকভাবে অসুস্থ ছিলেন। তাকে খরস্রোতা নদী পার হয়ে অফিসে যাতায়াত করতে হতো। এ নদী পার হতে যেয়ে বেশ কিছু লোক ট্রলার ডুবিতে মারা যায়। এর মধ্যে ঐ উপজেলার উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ট্রলার দুর্ঘটনায় নদীতে পড়ে যায় ও তাকে অজ্ঞান অবস্থায় পাওয়া যায় এবং মোড়েলগঞ্জ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের এমএলএসএস জনাব রফিক নদীতে ট্রলার ডুবে মৃত্যুবরণ করেন। ফলে, অভিযুক্ত কর্মকর্তা মানসিকভাবেও বিপর্যস্ত হয়ে পড়েন। অভিযুক্ত কর্মকর্তা একজন নবীন মহিলা কর্মকর্তা। তিনি গত ০৬/১২/২০১৬খ্রি: তারিখে মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) হিসাবে চাকরিতে যোগদান করেন। তিনি তার অসুস্থতার স্বপক্ষে কাগজপত্র দাখিল করেন এবং তার অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেন।

০৩। সার্বিক বিবেচনায় ডাঃ হোসনে আরা হোসেন -এর অননুমোদিত অনুপস্থিত কালকে ভবিষ্যতে সমন্বয়ের শর্তে অর্ধগড় বেতনে প্রাপ্যতাবিহীন ছুটি হিসেবে মঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হয় ।

০৪। সেহেতু, ডাঃ হোসনে আরা হোসেন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি),মোড়েলগঞ্জ,বাগেরহাট এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র, মামলা সংক্রান্ত রেকর্ডপত্র এবং তার শারীরিক অসুস্থতা, মানসিক বিপর্যস্ততা, একজন নবীন ও মহিলা কর্মকর্তা ও তার স্বল্পকালীন চাকরির মেয়াদ বিবেচনায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানপূর্বক মামলাটি নিষ্পত্তি করা হলো। তার অননুমোদিত অনুপস্থিতকালকে অর্থাৎ ০১/০৩/২০১৭ খ্রি: তারিখ থেকে ০৬/০৭/২০১৭খ্রি: তারিখ পর্যন্ত এবং ১০/০৭/২০১৭খ্রি: তারিখ থেকে ১৪/১০/২০১৭খ্রি: তারিখ পর্যন্ত সময়কালকে ভবিষ্যতে সমন্বয়ের শর্তে অর্ধগড় বেতনে প্রাপ্যতাবিহীন ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

২৬/৪/১৯
(জি. এম. সালেহ উদ্দিন)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাও,ঢাকা ।
(পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের এক কপি অত্র শাখায় প্রেরনের অনুরোধসহ)

C:\Users\Sabbir\Desktop\Office\Discipline\MSD (Minor Penalty).docx

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০১২.১৮-৭৪ তারিখঃ ২৩/০৪/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫

২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ (তথ্যটি সংশ্লিষ্ট রেজিষ্টার/কম্পিউটারে সংরক্ষন রাখার জন্য অনুরোধ করা হ'ল)।

৩। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বাগেরহাট।

৪। ডা: হোসনে আরা হোসেন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), মোড়েলগঞ্জ, বাগেরহাট।

৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,বাগেরহাট ।

৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

২৩/০৪/১৯

(মোহাম্মদ আলী)
সহকারী সচিব
ফোন-৯৫৪৫৬৬৭

C:\Users\Sabbir\Desktop\Office\Discipline\MSD Minor Penalty].docx